

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৭৪

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ عُتْمَان)

আরবী

وَعَن أَنسٍ قَالَ: لَمَّا أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِبَيْعَةِ الرِّضْوَانِ كَانَ عُتْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُ رَسُولُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّةَ فَبَايَعَ النَّاسُ فَقَالَ رَسُولُ اللَّهِ عَنْهُ رَسُولِهِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿إِن عُتْمَانَ فِي حَاجَةِ اللَّهِ وَحَاجَةِ رَسُولِهِ فَضَرَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعُتْمَانَ خَيْرًا من بإحدَى يَدَيْهِ عَلَى الْأُخْرَى فَكَانَتْ يَدُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعُتْمَانَ خَيْرًا من أَيْديهم لأَنْفُسِهِمْ. رَوَاهُ التِّرْمِذِي

سنده ضعیف ، رواه الترمذی (3702 وقال : حسن صحیح غریب) * الحکم بن عبدالملک ضعیف و حدیث ابی داود (2726) یغنی عنه ۔ (ضَعِیف)

বাংলা

৬০৭৪-[৬] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) যখন (লোকেদেরকে) "বায়'আতে রিযওয়ান"-এর আদেশ দিলেন, সে সময় 'উসমান (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর দৃত হিসেবে মক্কায় গিয়েছিলেন। লোকেরা রাসূলুল্লাহ (সা.)-এর হাতে বায়'আত করল, তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, 'উসমান, আল্লাহ এবং আল্লাহর রাসূলের কাজে (মক্কায়) গিয়েছেন। এরপর রাসূলুল্লাহ (সা.) 'উসমান-এর বায়'আতস্বরূপ নিজেরই এক হাত অন্য হাতে রাখলেন। অতএব রাসূলুল্লাহ (সা.) -এর হাত উসমান (রাঃ)-এর হাতস্বরূপ হয়ে যাওয়াটা সাহাবীগণের নিজেদের হাতের চেয়ে অতি উত্তম। (তিরমিয়ী)

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩৭০২, আল মুজামুল কাবীর লিত্ব তবারানী ৭৮১, আল মু'জামুল আওসাত্ব ৮৪৯৪; কারণ



কতাদাহ 'আন দ্বারা হাদীস বর্ণনা করেছে, আর সে একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَمَّا أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِبَيْعَةِ الرِّضْوَانِ) এটা এমন একটি বায়'আত ছিল যা হুদায়বিয়াহ্ নামক স্থানে একটি গাছের নিচে সংঘটিত হয় আর এ বায়'আতের বিষয় ছিল তারা কুরায়শদের বিরুদ্ধে যুদ্ধ করবে কিন্তু পলায়ন করতে পারবে না।

'রিযওয়া' নামকরণের কারণ হলো আল্লাহ তাদের ওপর সম্ভুষ্ট হয়ে আয়াত অবতীর্ণ করে বলেন, (اَقَد اللهُ وَضِيَ اللهُ (عَنِي اللهُ عَنِ السَّجَرَةِ) (نَا يُبَايِعُوانَکَ تَحالَتَ الشَّجَرَةِ) (আল্লাহ মুমিনদের প্রতি সম্ভুষ্ট হয়েছেন যখন তারা আপনার কাছে শপথ গ্রহণ করে গাছের নিচে।" (সুরাহ আল ফাতহ ৪৮ : ১৮)

(اَنَ عُثْمَانُ رَضِيَ اللَّهُ عَنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّةً (اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّةً (اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّةً (وَالْمَ عَرَدَة اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّة (وَالْمَ عَرَدَة اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَّة (وَالْمَ عَرَدَة اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى مَكَة (وَالْمَ عَرَدَة اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ إِلَى مَكَة (وَالْمَالِيَّة اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ إِلَيْهُ وَسَلَّمَ إِلَى مَكَة (وَالْمَالِيَّةُ اللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ إِلَيْهُ وَسُولُ وَاللَّهُ عَلَيْهُ وَسَلَّمَ إِلَيْهُ وَسَلَّ

(إِن عُتْمَانَ فِي حَاجَةِ اللَّهِ وَحَاجَةِ رَسُولِهِ) 'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহ্লাহ) বলেন, আলোচ্য বাক্য আল্লাহর এই বাণীর অন্তর্ভুক্ত: (إِنَّ الَّذِيكَنَ يُؤَكَذُوكَ اللَّهَ وَ رَسُوكَ لَهُ وَ رَسُوكَ لَهُ) ''যারা আল্লাহ ও তাঁর রাস্লকে কস্ট দেয়।" (সূরাহ্ আল আহ্যাব ৩৩: ৫৭)

আয়াত হতে স্পষ্ট যে, রাসূলুল্লাহ (সা.) আল্লাহর নিকট দু'টি বিশেষ মর্যাদার অধিকারী। আর আল্লাহর প্রয়োজন বলতে তাঁর দীনের স্বার্থে প্রয়োজন, আল্লাহর জন্য নয়। আল্লাহ মুখাপেক্ষী হওয়া হতে অনেক উর্ধেব। (মিরক্লাতুল মাফাতীহ, তুহফাতুল আওয়ামী ৯/৩৭১১)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন